**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:29-07-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM Meeting/ Delhi :**

বিভিন্ন সরকারি প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনার জন্য গতকাল নয়াদিল্লিতে বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের নিয়ে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ত্রিপুরা রাজ্যের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন উদ্যোগের বিস্তারিত অগ্রগতি তুলে ধরেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। বিশেষ করে প্রধানমন্ত্রী আবাস যোজনার অগ্রগতি সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন মুখ্যমন্ত্রী। তিনি জানান, সরকারের এই গুরুত্বপূর্ণ প্রকল্পে রাজ্যে হাজার হাজার শহুরে এবং গ্রামীণ পরিবারকে সাশ্রয়ী মূল্যে আবাসন তৈরি করে দেওয়া হয়েছে। পাশাপাশি ত্রিপুরার প্রতিটি গ্রামীণ পরিবারকে নিরাপদ এবং পর্যাপ্ত পানীয় জলের যোগান দিতে সক্ষম হয়েছে। সেই সঙ্গে আয়ুষ্মান ভারত প্রকল্পের অধীনে ত্রিপুরায় আর্থিকভাবে সুবিধা বঞ্চিতদের স্বাস্থ্য পরিষেবা প্রদানের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি করেছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় অনেক গ্রামীণ সড়ক নির্মাণ ও সংস্কার করা হয়েছে। প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি কৃষকদের গুরুত্বপূর্ণ আর্থিক সহায়তা প্রদান করেছে। কিষাণ ক্রেডিট কার্ড,

পশুপালন ও মৎস্য চাষের সম্প্রসারণ সহ কৃষকদের সহজলভ্য ঋণের সুবিধা দিয়েছে। এছাড়া প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা, স্বামীত্ব স্কিম, ভারত নেট, সয়েল হেলথ কার্ড, অটল পেনশন যোজনা এবং স্বানিধি প্রকল্পগুলির বিষয়েও বিশদ তথ্য উপস্থাপন করেন মুখ্যমন্ত্রী।

***********************

**Union minister Juel Oram :**

দু'দিনের সফরে কেন্দ্রীয় উপজাতি কল্যাণ মন্ত্রী জুয়েল ওরাম গতকাল আগরতলায় আসেন। তিনি আগরতলার স্টেট গেস্ট হাউসে এক সাংবাদিক সম্মেলনে ২০২৪-২৫ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট সম্পর্কে বলেন, এবারের বাজেটে গুরুত্ব দেওয়া হয়েছে দরিদ্রদের কল্যাণ, মহিলাদের উন্নয়ন, যুবাদের রোজগারের বন্দোবস্ত করা এবং কৃষকদের কল্যানে কৃষি উৎপাদন বৃদ্ধি। তিনি বলেন, বাজেটে সব রাজ্যের বিকাশেই গুরুত্ব দেওয়া হয়েছে। সারা দেশে ১০০টি একলব্য মডেল স্কুল গড়ার যে পরিকল্পনা নেওয়া হয়েছিল, তার মধ্যে ৮৪টির কাজ সম্পন্ন হয়েছে বলে জানান তিনি । ত্রিপুরা প্রসঙ্গে তিনি বলেন, ত্রিপুরাতেও সামগ্রিক বিকাশ ঘটছে। ত্রিপুরায় জনধন একাউন্ট রয়েছে ১০ লক্ষ ২২ হাজার। এর মধ্যে ৫৬ শতাংশই মহিলাদের। সাংবাদিক সম্মেলনে রাজ্যের উপজাতি কল্যাণমন্ত্রী বিকাশ

দেববর্মা, সাংসদ কৃতি দেবী দেববর্মা, রাজ্য সরকারের অর্থ সচিব ব্রিজেশ পান্ডে প্রমুখ উপস্থিত ছিলেন।

****************************

**Governor-Telengana :**

রাজ্যের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা আগামী ৩১শে জুলাই তেলেঙ্গানার রাজ্যপাল হিসাবে শপথ নেবেন। পয়লা আগষ্ট তিনি নতুন দিল্লিতে রাজ্যপালদের বৈঠকে অংশ নেবেন। গতকাল আগরতলায় সাংবাদিকদের এই খবর জানিয়ে শ্রী দেববর্মা বলেন, ত্রিপুরায় মন্ত্রী হিসাবে বহু গুরুত্বপূর্ণ দপ্তরের দায়িত্ব পালন করেছি। সেইসব অভিজ্ঞতা নতুন জায়গায় নতুন দায়িত্ব নেওয়ার পর তুলে ধরব, ঠিক তেমনি ঐ রাজ্যের অভিজ্ঞতাও ত্রিপুরায় সবার সামনে তুলে ধরব।

*******************************

**Mann-Ki-Baat :**

দেশে মাদকাসক্তের সংখ্যা বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, সরকার দেশে মাদক বিরোধী কার্যকরী পদক্ষেপ গ্রহণ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল আকাশবাণীর মন-কি-বাতের ১১২তম পর্বে দেশ বিদেশের জনগণের সাথে মত বিনিময় করে একথা বলেন। নেশামুক্তি

প্রকল্পে সম্প্রতি সরকার মানস পোর্টাল চালু করেছে। এটি নেশামুক্তি ও পুনর্বাসন সংক্রান্ত বিভিন্ন ব্যাপারে সাহায্য করবে। আসামের চড়াইদেও ময়্দাম ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজের মর্যাদা পাওয়ায় প্রধানমন্ত্রী সন্তোষ ব্যক্ত করেন। তিনি বলেন, এটি দেশের মধ্যে ৪৩তম এবং উত্তর-পূর্বাঞ্চলের প্রথম ওয়ার্ল্ড হেরিটেজ। এছাড়াও প্রধানমন্ত্রী বলেন, এই প্রথম খাদি শিল্পের ব্যবসা দেড় লক্ষ কোটি টাকা অতিক্রম করেছে। প্রধানমন্ত্রী আরো বলেন যে, প্যারিস অলিম্পিক এখন সমস্ত বিশ্ববাসীর আগ্রহের কেন্দ্র বিন্দু। এই প্রতিযোগিতায় ভারতীয় খেলোয়াড়দের উৎসাহ যোগানোর জন্য তিনি দেশের জনগনকে অনুরোধ করেছেন।

*****************************

**Shiksha Saptah :**

জাতীয় শিক্ষানীতি ২০২০ চতুর্থ বর্ষ পূর্তি উপলক্ষ্যে আয়োজিত শিক্ষা সপ্তাহ কর্মসুচি গতকাল রাজ্যেও শেষ হয়েছে। সমাপ্তি দিনে রাজ্যের স্কুলগুলিতে শিক্ষক-অভিভাবক সম্মেলন ও তিথিভোজের আয়োজন করা হয়। এদিন বেশ কয়েকটি বিদ্যালয়ে যান শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা এবং বুনিয়াদী শিক্ষা, মাধ্যমিক শিক্ষা ও সমগ্র শিক্ষার আধিকারিকগন । শিক্ষক-অভিভাবক সম্মেলনে নিপুন ত্রিপুরা মিশন সম্পর্কে

বিস্তারিতভাবে আলোচনা করা হয় বলে জানিয়েছেন নিপুণ ত্রিপুরার দায়িত্বপ্রাপ্ত নোডাল অফিসার অভিজিৎ সমাজপতি।

এদিকে, সিপাহীজলা জেলা, গোমতী জেলা, দক্ষিণ জেলার বিভিন্ন বিদ্যালয়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে শিক্ষা সপ্তাহ পালিত হয়েছে।

**************************

**Downing death of 2 children :**

পুকুরে স্নান করতে গিয়ে জলে ডুবে মৃত্যু হয়েছে দুই শিশু কন্যার। সিধাই থানার পুলিশ জানিয়েছে, গতকাল সিমনা বিধানসভার অন্তর্গত রামশঙ্কর জুমিয়া পাড়ায় মর্মান্তিক এই ঘটনা হয়েছে। এদিন দুপুরে পুকুরে স্নান করতে গিয়ে জলে ডুবে যায় দুই শিশু।

স্থানীয়রা উদ্ধার করে দুজনকে কাতলামার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে  চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন।

*******************

**Forward Block :**

কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করেছে ফরওয়ার্ড ব্লক রাজ্য কমিটি। গতকাল  আগরতলায় সাংবাদিক সম্মেলনে দলের কেন্দ্রীয় কমিটির সদস্য রঘুনাথ সরকার এই বাজেট জনবিরোধী বলে অভিযোগ করেন। তিনি রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন নিয়ে শাসক দলের ভূমিকারও সমালোচনা করেন।

********************

**Distribution of wheel chairs :**

বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের কল্যানে কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প চালু করেছে। শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা গতকাল আগরতলা প্রেসক্লাবে বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের মধ্যে হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে একথা বলেন। রোটারি ক্লাব ও সিটির উদ্যোগে এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংস্থা সভাপতি ডা: নিহার চন্দ্র দাস, সম্পাদক আশীষ সেন প্রমুখ। এই অনুষ্ঠানে ১০টি সংস্থা ও ৫ জন বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে হুইল চেয়ার প্রদান করা হয়।

**************************

**2nd Division Football :**

TFA আয়োজিত দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলে গতকাল কল্যাণ সমিতি ৫-২ গোলে নবোদয় সংঘকে পরাজিত করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে কল্যাণ সমিতির হয়ে জাকারিয়া হালাম দুটি ,সোয়াম হালাম,মঙ্গলসিং দেববর্মা এবং জন জমাতিয়া একটি করে গোল করেন। নবোদয় সংঘের হয়ে দুটি গোল করেন করণ রিয়াং এবং শান্তি সাধন জমাতিয়া।

*************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে তাপমাত্রা ছিল সর্বনিম্ন ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত ভাবে বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।

***********************

********************